

প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০৭ আগস্ট ২০২৪ ইং

জনগনের নিরাপত্তা নিশ্চিত করা সহ সাম্প্রদায়িক সহিংসতা, সুপ্রীম কোর্ট ও ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের বিভিন্ন স্থানে ভাঙ্কর্য ও স্থাপনায় হামলা ও ভাংচুর এর ঘটনা বন্ধে যথাযথ পদক্ষেপ গ্রহনের দাবি জানাচ্ছে
ব্লাস্ট

সাম্প্রতিক গণমাধ্যম সূত্রে জানা যায়, গত ৫-৬ আগস্ট ২০২৪ তারিখ দেশের বিভিন্ন জায়গায় সাম্প্রদায়িক সহিংসতা, সংখ্যালঘুদের বাড়ি, উপাসনালয় ও ব্যবসা প্রতিষ্ঠানে হামলা,^১ এর ঘটনায় প্রায় শতাধিক হতাহত হয়েছে। পাশাপাশি সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে স্থাপনা, ন্যায়বিচারের প্রতীক হিসেবে^২ স্থাপিত ভাঙ্কর্য ভেঙ্গে ফেলা, ঢাকা বিশ্ববিদ্যালয় ও দেশের বিভিন্ন স্থানে ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ স্থাপনা, বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর ও মুরাল, স্মারক স্তম্ভ ও স্থাপনায় হামলা এবং ভাংচুর করা হয়েছে। দেশ জুড়ে এসকল সহিংসতার ঘটনায় নিহত এবং আহতের সংখ্যা হাজারের বেশি। হতাহতের তালিকায় শিক্ষার্থী, ছাত্র-জনতা আন্দোলনকারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, বিভিন্ন রাজনৈতিক দলের নেতাকর্মী ও সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ রয়েছেন।^৩

এ ধরনের ঘটনা আইনের ব্যত্যয় ও সংবিধানের ৩১^৪, ২৮(১)^৫, ৩২^৬ ও ২৪^৭ অনুচ্ছেদ, ফৌজদারি শাস্তিযোগ্য অপরাধ, মানবাধিকার ও মৌলিক অধিকার এর সুস্পষ্ট লংঘন। অতএব জনগনের জানমালের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক বিশেষ ব্যবস্থা গ্রহনসহ, এ ধরনের ঘটনায় জড়িত ব্যক্তিদের চিহ্নিত করা ও আইনগত ব্যবস্থা গ্রহণ, বিশেষ করে সকল সাম্প্রদায়িক হামলা, সকল স্থাপনা এবং ভাঙ্কর্য এর নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে যথাযথ পদক্ষেপ নেওয়ার জন্য বাংলাদেশ সরকার এবং প্রশাসনের কাছে জোর ব্লাস্ট জোর দাবি জানাচ্ছে। পাশাপাশি জনগনের নিরাপত্তা নিশ্চিত করা এবং সর্বস্তরে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার আহবান এবং সংবিধান অনুসরণ করে দেশের সম্পত্তি ও সংস্কৃতি বজায় রাখার জন্য নাগরিক সমাজ এর পক্ষ হতে দাবী জানাচ্ছে ব্লাস্ট।

বার্তা প্রেরক:

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

ই-মেইল: communication@blast.org.bd

^১ দেশের বিভিন্ন স্থানে সংখ্যালঘুদের বাড়ি-দোকান-উপাসনালয়ে হামলা (দৈনিক প্রথম আলো, ৬ আগস্ট ২০২৪)

^২ সুপ্রীম কোর্টের গ্রিক দেবীর ভাঙ্কর্য ভাঙচুর (যুগান্তর, ৬ আগস্ট ২০২৪)

^৩ ভয়ংকর সারা দেশ, নিহত শতাধিক (বনিক বার্তা, ৫ আগস্ট ২০২৪)

^৪ <http://bdlaws.minlaw.gov.bd/act-957/section-29997.html>

^৫ <http://bdlaws.minlaw.gov.bd/act-957/section-29994.html>

^৬ <http://bdlaws.minlaw.gov.bd/act-957/section-29998.html>

^৭ <http://bdlaws.minlaw.gov.bd/act-957/section-29376.html>

blast
ব্লাস্ট

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)